# সেপ্টেম্বর/২০১৯ মাসের দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।
সভার তারিখ ঃ ০৯/০৯/২০১৯ খ্রিঃ।
সময় ঃ ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ**

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

**আলোচনা ঃ বিবেচ্য মাসে দিনাজপুর সদর উপজেলাধীন কোন এনজিও/সংস্থা** মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও দিনাজপুর সদর উপজেলায় তাদের কর্ম পরিচালনার বিবরণ উপস্থাপন করেন নাই। সভাপতি গত মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয়ে উপস্থিত সকলকে অনুরোধ করেন।

**নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের সেপ্টেম্বর/২০১৯ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ**

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| মেরী স্টোপস ক্লিনিক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(২) নিরাপদ এমআর করণ | বিবেচ্য মাসে প্রসবকালীন স্বাস্থ্য সেবা দেওয়া হয় ৪৫ জনকে এবং যৌন সংক্রমন চিকিৎসা সেবা দেওয়া হয় ৪২ জনকে।<br>বিবেচ্য মাসে ৭৭ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| ঝানজিরা সমাজ কল্যাণ সংস্থা | (১) ইয়থ প্রকল্পের চলমান কার্যক্রম<br>(২) ইউনিয়ন ইয়থ ফোরাম | গত মাসের প্রকল্পের চলমান কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন স্ব স্ব প্রজেক্ট ফেসিলেটেটর উপস্থাপন করেন। যাহা গত মাসের কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অর্জন সঠিক সময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়েছে।<br>উল্লেখ্য কার্যক্রম বাস্তবায়নে এসওপি এর আলোকে ইউনিয়ন ইয়থ ফোরামের ত্রৈমাসিক সমন্বয় সভা সঠিক সময় বাস্তবায়ন করা হয়েছে। | দিনাজপুর সদর | |
| দি লেপ্রসী মিশন বাংলাদেশ | (১) স্যানিটেশন কার্যক্রম<br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br>(২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের বিভিন্ন মুখী কর্মের মাধ্যমে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধি করা হয়।<br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন ও শক্তিশালীকরণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৬ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৭৫ জন।<br>বিবেচ্য মাসে ২২ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয় এবং তাদের মধ্যে ০৩ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়।<br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সর্ম্পকে অবহিত করা হয় | দিনাজপুর সদর উপজেলা | |
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, | (১) সামাজিক শিক্ষা কার্যক্রম<br>(২) জাতীয় শিক্ষা কার্যক্রম | প্রকল্পের ১০ জন শিশুর মায়েদের সপ্তাহে ৫দিন একজন দক্ষ দর্জি প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এই প্রশিক্ষণ ব্যাচের সময়সীমা ছয় মাস।<br>১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। সপ্তাহের | দিনাজপুর সদর। | |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| বিডি- ২২৫ | (৩) বাড়ি পরিদর্শন | সপ্তাহের ৫দিন ২ঘন্টা ৩ জন স্পেশালিস্ট শিক্ষকের মাধ্যমে ৬ষ্ট-১০ম শ্রেণী পর্যন্ত স্পেশাল শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>এ মাসে প্রকল্পের ৭৭ টি শিশুর বাড়ি পরিদর্শনে যাওয়া হয়। এবারের মূল বিষয় ছিল শিশুর উপস্থিতি, পড়াশুনা, প্রকল্পে সময় ইত্যাদি বিষয়ে গুরুত্বারোপ। | | |
| টিএমএসএস | (১) ঋণ কার্যক্রম<br>(২) ল্লিলাহ প্রদান<br>(৩) ঝুঁকি বীমা প্রদান | বিবেচ্য মাসে টিএমএসএস মাইক্রো ফাইন্যান্স প্রোগ্রামের মাধ্যমে দিনাজপুর সদর উপজেলায় সদস্য ভর্তি করা হয়েছে ৬৪১ জন সদস্য পদ প্রত্যাহার ৫৪৫ জন ও সঞ্চয় আদায় ৭১৫৬১২২/ টাকা ক্ষুদ্র ঋন বিতরণ ৪৫২৫৭০০০/ টাকা।<br>সেপ্টেম্বর/১৯ইং মাসে ১০ জন সদস্যকে ১০০০০ টাকা প্রদা করা হয়।<br>সেপ্টেম্বর/১৯ইং মাসে ২ জন মৃত সদস্যদের মাঝে ৪৫৪৫০/- টাকা ঝুকিঁ বীমা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| আমইর চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২৪৫ | (১) শিক্ষা কার্যক্রম<br>(২) পুষ্টিকর খাবার প্রদান<br>(৩) সংস্কৃতিক কার্যক্রম | ১৮৭ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলে পড়াশুনা করছে। ১৮৭ জন শিশুর মাঝে খাতা, কলম, রাবার ও কাটার প্রাদান করা হয়।<br>১৮৭ জন শিশুকে সপ্তাহে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়।<br>৫৬ জন শিশুকে সপ্তাহে ৩ (তিন) দিন নাচ ও গান শিখানো হয়। | দিনাজপুর সদর। | |
| এফপিএবি | (১) স্বাস্থ্য কার্যক্রম<br>(২) চিকিৎসা প্রদান কার্যক্রম | বিবেচ্য মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ- ০২ জন এবং নারী- ০৮ জন।<br>বিবেচ্য মাসে সাধারণ রোগের চিকিৎসা সেবা প্রদান করা হয় ৭৮৫ জনকে এবং ৪টি পরিবার উন্নয়ন কেন্দ্রে ৮০০০/- টাকার বিনা মূল্যে ঔষধ প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| ইউপিএস | (১) প্রতিবন্ধী ব্যক্তি সনাক্তকরণ<br>(২) প্রতিবন্ধী ব্যবসা মনিটরিং | ২নং সুন্দরবন ইউনিয়ন পরিষদ হতে ২৬জন প্রতিবন্ধী ব্যক্তিকে উপজেলা সমাজসেবা কার্যায়ে নিয়ে যাওয়া এবং পরিচয় পত্র পাওয়ার ব্যাপারে সনাক্তকরণ<br>বিবেচ্য মাসে ২৫জন প্রতিবন্ধী ক্ষুদ্র উদ্যোক্তা ব্যবসায়ীদের দোকান মনিটরিং করা হয়। | | |
| সনাক | (১) জলবায়ু কার্যক্রম | ➢ বিবেচ্য মাসে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় বিশ্বের শিল্পোন্নত দেশসমূহের প্রতিশ্রুতি রক্ষার দাবীতে “জলবায়ু ধর্মঘট” উপলক্ষে বিশ্বের ১২০টি দেশ এবং টিআইবি ঢাকাসহ বাংলাদেশের সকল সনাকের ন্যায় সনাক দিনাজপুর ২৭ সেপ্টেম্বর, ২০১৯ শুক্রবার সকাল- ১০:৩০টায় দিনাজপুর প্রেসক্লাব সম্মুখে মানববন্ধন কর্মসূচি পালন করে। বিশ্বের প্রতিশুত দেশসমূহের দীর্ঘমেয়াদী সঠিক অর্থায়ন এবং তার ব্যবহারে স্বচ্ছতা ন্যায্যতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এই কর্মসূচির মূল লক্ষ্য । | দিনাজপুর সদর | |
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম<br>(২) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে ১০০ জনকে ২৯,৫৯,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এ মাসে ঋণ আদায় করা হয় ২৪,৫১,৬৩৭/- টাকা, সঞ্চয় আদায় করা হয় ২,৫৫,৭২৯/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ২,৬৯,২৪২/- টাকা।<br>বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি মৌসুমে আমন ধান আদর্শ বীজ তলায় বপন ও লাইনে রোপন এবং মাটি পরীক্ষা করে পরিমিত রাসায়নিক প্রয়োগ করার পরামর্শ প্রদান করা হয়। পাখি বসার জন্য ডার বা কঞ্চি বোরো ধানের জমিতে স্থাপন করার জন্য পরামর্শ দেওয়া হয়। | পৌরসভা ১ নং ও ৪নং ইউপি, | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br>(৩) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | |
| বিএসডিএ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্রঋণ দেওয়া হয় ৮,৫৬,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ২,৫০,০০০/- টাকা। (কত জনের মধ্যে ঋণের টাকা বিতরণ করা হয় তা উল্লেখ করা হয়নি)<br><br>বর্তমানে বিএসডিএ-ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৬০টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৬৫০জন। ৩২ জন শিক্ষিকাকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ৩৫টি অভিভাবক সভা করা হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| ওয়ার্ল্ড ভিশনবাংলাদেশ, নর্দান বাংলাদেশ রিজিওনাল ইন্টিগ্রেটেড কমিউনিটি ডেভেলপমেন্ট প্রকল্প | (১) স্বাস্থ্য, পুষ্টি, নিরাপদ পানি ও পয়: নিষ্কাশন কর্মসুচী<br><br>(২) জীবিকায়ন ও অর্থনৈতিক উন্নয়ন কর্মসুচী<br><br>(৩) জন সম্পৃক্তকরণ ও স্পন্সরশীপ পরিকল্পনা | ❖ শিশুর পুষ্ট কর্মসূচীর আওতায় ৬ জনহত দরিদ্র পরিবারের শিশুকে জরুরী চিকিৎসা সহায়তা প্রদান।<br>❖ পুষ্টি কর্মসূচি (শিশুর ওজন পরিমাপের মাধ্যমে শিশুর পুষ্ট মান নির্নয় ও শিশুর মাকে নিয়ে সচেতনতা/ অভ্যাস পরিবর্তনের জন্য সেশন) ৪৭৬০জন (শিশু)<br>❖ অপুষ্ট শিশুদের চিকিৎসা সুযোগ সৃষ্টি বিষয়ক সরকারী কর্মকর্তাদের সাথে মিটিং অংশগ্রহনকারী ৩৪ জন।<br>❖ পানি ও পয়ঃনিষ্কাশন বিষয়ে সচেতনতামুলক স্কুল ব্রিগেড কার্যক্রম অংশগ্রহনকারী ১৩০ জন ছাত্র-ছাত্রী।<br>❖ স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কার্যক্রম পরিচালনার জন্য ৫১ জন সহয়তাকারীকে ভাতা প্রদান।<br>❖ আত্ব-কর্ম সংস্থান বৃদ্ধির জন্য জন সচেতনতামূলক কার্যক্রম অংশগ্রহনকারী ২৫০ জন।<br>❖ বাজার উন্নয়ন ও বিপনন কার্যক্রমের আওতায় উৎপাদনকারী দলের সদস্যদের কৃষি বিষয়ক পরার্মশ পেতে মোবাইলের ব্যবহার বিষয়ে ২৫ জনকে প্রশিক্ষণ প্রদান<br>❖ আত্ব-কর্ম সংস্থান বিষয়ক কাযক্রম পরিচালনার জন্য ১২সহায়তাকারীদের পারিশ্রমিক প্রদান।<br><br>❖ শিশু নির্যাতন, সহিংষতা রোধ বিষয়ক সচেতনতা ও শিশু বিয়য়ক কার্যক্রম-অংশগ্রহনকারী- ১৩৪৫জন (শিশু ও মহিলা) ।<br>❖ শিশু শ্রম ও নির্যাতন রোধের জন্য সচেতনতামূলক সেশন- অংশগ্রহনকারী- ১৯০জন ।<br>❖ শিশু বিষয়ক অন্যান্য কাযক্রম ১৪৫ জন(শিশু)<br>❖ জেলা উপানুষ্ঠানিক অফিস ও মহিলা বিষয়ক অফিসের সাথে সমন্বিত হয়ে আর্ন্তজাতিক স্বাক্ষরতা দিবস ও জাতীয় কন্যা শিশু দিবস পালিত। শিশুর পুষ্ট কর্মসূচীর আওতায় জনসচেতনতা বৃদ্ধির জন্য মিটিং অংশগ্রহনকারী ৩৪৫জন। | পৌরসভা, আউলিয়া পুর, চেহেলগাজী শেখপুরা ইউনিয়ন | |
| নুরমিশন বাংলাদেশ | (১) বৃক্ষ চারা বিতরণ<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ৮১টি পরিবারের মাঝে ২০৯টি বৃক্ষ চারা বিতরণ করা হয়।<br><br>বিবেচ্য মাসে উচ্চ শিক্ষা সহায়তা করা হয় ১২০জনকে প্রদান ও নার্সিং/বিডিএস সহায়তা প্রদান করা হয় ১৫ জনকে । | দিনাজপুর সদর। | |
| পিএসটিসি | ❖ হেলথ কার্যক্রম | বিবেচ্য মাসে এইচআইভ/এইডস বিষয়ে জ্ঞান বৃদ্ধির জন্য সমাজের ঝুকিপূর্ণ তরুনদের সমাজিক সংহতি শেখার জন্য উঠান বৈঠক সম্পন্ন হয়েছে ১৮টি। অংশগ্রহণকারী পুরুষ-২২০জন, মহিলা-১৪০ জন। | দিনাজপুর সদর | |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | | এছাড়া বিবেচ্য মাসে সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানে রোগী রেফার করা হয়েছে মোট-৮৭ জন। পুরুষ-৩১জন, নারী- ৫৬ জন। | | |
| ওয়াইডাব্লিউ সিএ | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে নার্সারী ও ফ্রি স্কুলের ছাত্র-ছাত্রীদের যথা রীতি ক্লাস শুর হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ৩৬ জনকে ৬,২৮,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে ঋণ আদায় করা হয় ৩,৬৮,৯৫৯/- টাকা। সঞ্চয় আদায় হয় ৩,৬৮,৯৫৯/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br><br>(৪) বনায়ন কার্যক্রম<br><br>(৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৬) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(৮) কৃষি ও পরিবেশ<br><br>(৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা<br><br>(১০) প্রশিক্ষণ<br><br>(১১) নৃতাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন।<br><br>(১২) মাদক বিরোধী | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ১৩১৫ জন কে ৪,৮০,৬০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ১৮৭ জনকে ৬৫,৩২,০০০/- টাকা।<br><br>বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ০৫ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৪৫ জন। শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয় এবং এ পর্যন্ত ২০টি স্কুলের ১০০ জন শিক্ষককে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হয়।<br><br>বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং ০১টি অনুষ্ঠিত হয় এবং এ পর্যন্ত ১৭২ টি ওয়াটশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে এবং স্যানিটেশন মাস অক্টোবর/১৮ মাসব্যাপি উদযাপন করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ১৫১৫০টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে। এছাড়া কৃষি প্রযুক্তি ও বৃক্ষ মেলা ২০১৯ ব্র্যাক অংশগ্রহণ করে ১ম স্থান অধিকার করেছে।<br><br>চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৯ইং অর্থবছরে ২৭টি পরিবারকে নির্যাতিন হতে প্রতিরোধ করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস/২০১৯ পালন করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১২৩৫ জনকে এবং ২০১৯ অর্থ বছরে ১১১৫০ জনকে সেবা প্রদান করা হয়।<br><br>বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ২০০ কেজি, ২০১৯ অর্থ বছরে ১৬০০কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজ যেমন লাউ, মুলা, শিম, শসা, মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে।<br><br>ব্র্যাক দিনাজপুর সদর বিবেচ্য মাসে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবশ/২০১৯ এবং জাতীয় দুর্যোগ প্রশমন দিবস/২০১৯ পালন করেছে।<br><br>বিবেচ্য মাসে লার্নিং সেন্টার মাধ্যমে ১৫০ জন ব্র্যাক উপকারভোগী কর্মী/কর্মকর্তাকে এবং ৩৫০ জন অন্যান্য প্রতিষ্ঠানের কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়।<br><br>বিবেচ্য মাসে নৃত্তাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে।<br><br>ব্র্যাক দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | ও ধুমপান বিরোধী কার্যক্রম | এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী এবং ধূমপান মুক্ত দিবস ২০১৯ পালন করেছে। | | |
| বুরো বাংলাদেশ | ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে টিউবওয়েল ঋণ ৩১ জনকে ২,৫০,০০০/- টাকা স্যানিটেশন ঋণ ৩০ জনকে ৫,০০,০০০/- টাকা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| এমকেপি | ❖ সমিতি সভা, ফোরম সভা ও যোগাযোগ বৃদ্ধি | বিবেচ্য মাসে ৪০টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী-পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহন, নারী নির্যাতন প্রতিরোধ, নারীর ক্ষমতায়ন, বাড়ীর আশেপাশের জমিতে সবজি চাষ এবং মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। | দিনাজপুর সদর। | |
| গ্রাম বিকাশ কেন্দ্র | (২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) সহায়তা প্রদান | বিবেচ্য মাসে ২৯০ জন আদিবাসী ছাত্র/ছাত্রী ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ১৪ টি কমিউনিটিতে পড়া-শুনার অগ্রগতির জন্য শিক্ষক-শিক্ষিকার মাধ্যমে শিক্ষা সহায়তা পাঠদান করা হচ্ছে।<br><br>বিবেচ্য মাসে প্রকল্পের লক্ষিত ০২টি কমিউনিটিতে উৎসব পালনের জন্য প্রত্যেক কামউনিটিতে ৬০০০/- টাকা করে মোট ১২০০০/- টাকা কন্ট্রিবিউশন হিসেবে প্রদান করা হয়েছে। | দিনাজপুর সদর | |
| এডরা বাংলাদেশ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) চিকিৎসা ও পুষ্টি কার্যক্রম | ১৩ জন মেয়েকে সেন্ট ফ্রান্সিস জেভিয়ার স্কুলে ভর্তি করা হয়েছে। তারা নিয়মিত স্কুলে যাওয়া আসা করছে।<br><br>বিবেচ্য মাসে ১জন মেয়েকে চিকিৎসা প্রদান করা হয় এছারা মেয়েদের ৩০ দিনে ৯০ বেলা পুষ্টিকর খাবার প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| অনন্যা সংস্থা | ১) প্রতিবন্ধী উন্নয়ন কর্মসূচী<br><br>২) দিবস পালন | ❖ ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম পরামর্শ দেওয়া হয়, ০২ জনকে চক্ষু হাপাতালে রেফার করা হয়, ০২টি সচেতনতামূলক সভা করা হয়।<br><br>❖ চলতি মাসে কোন কার্যক্রম ছিল না। | দিনাজপুর সদর | |
| গাওসুল আযম বিএনএসবি আই হসপিটাল | (১) আই কেয়ার সাপোর্ট<br><br>(২) কাতার ক্রিয়েটিং ভিশন | বিবেচ্য মাসে ৪টি চক্ষু শিবির (ক্যাম্প) এ রোগীর চোখ পরীক্ষা করা হয়। এছাড়া পিইসিতে ২০২১ জন রোগীর চক্ষু পরীক্ষা করা হয় এবং ১৮৫ দরিদ্র রোগীদের বিনামূলে চক্ষু সেবা প্রদান করা হয়।<br>বিবেচ্য মাসে ৬,০৮৩শিশুর চোখ স্ক্রীনিং, ৫৩৫ শিশুর গ্লাস প্রেসক্রাইবড, ৯১ জন শিশুর হাসপাতাল/ভিশন সেন্টার থেকে গ্লাস প্রোভাইড এবং ১১ জন দরিদ্র শিশুর চক্ষু সেবা সংক্রান্ত আর্থিক সহায়তা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| ব্লাস্ট | ❖ আইন সহায়তা কার্যক্রম | বিবেচ্য মাসে অভিযোগ গ্রহন করা হয় ৩৬ টি, পরামর্শ প্রদান করা হয় ১৩ টি, মামলা দায়ের ০৩ টি, মামলা নিষ্পত্তি ১৭ টি। | দিনাজপুর সদর | |
| ডেমক্রেসওিয়াচ | ❖ নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন<br><br>❖ সভা কার্যক্রম | নির্বাচাতি নারী জন-প্রতিনিধিরা স্থানীয় সেবার মান উন্নয়নে এবং দারিদ্র দূরীকরনে জনগনের কাছে দায়বদ্ধ থেকে সাবেক এবং ভবিষৎ নারী প্রতিনিধিদের / নেতৃত্বকে সঙ্গে নিয়ে নারী ক্ষমতায়নে সুনির্দিষ্ট ভূমিকা রাখবে।<br>স্থানীয় সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে ত্রৈমাসিক সভা করা হয়। অশংগ্রহণকারী মোট- ২৪৭জন। পুরুষ ১২২জন, নারী ১২৫ জন। | দিনাজপুর সদর | |
| গ্রাম উন্নয়ন প্রচেষ্টা | ❖ সভা/ক্যাম্পেইন কার্যক্রম | বিবেচ্য মাসে ১২টি গ্রুপ মিটিং, ০১টি যুব দলের মিটিং, ০১টি হাট বাজার ক্যাম্পেইন এবং ৪টি বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হয়। | দিনাজপুর সদর | |
| এমবিএসকে | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে আয় বর্ধনমূলক খাতে ১৮.১৩ কোটি টাকা, জীবনযাত্রার মানোন্নয়ন খাতে ৭৮.৭৪ কোটি টাকা ও সম্পদ সৃষ্টি খাতে ২.৭৭ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | দিনাজপুর সদর ও | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | (২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | ৫ নং শশরা ইউনিয়নের ৬৬৪২টি খানার মধ্যে ২৮০০০ জন উপকারভোগী রয়েছে। উক্ত ইউনিয়নে ১০০% স্বাস্থ্যসেবা নিশ্চিত করণের লক্ষ্যে ০২জন এমবিবিএস ডাক্তার, ০২ জন প্যারামেডিকেল ডাক্তার এবং ১৪ জন স্বাস্থ্য সহকারীর মাধ্যমে প্রতিনিয়নত স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। | ৫ নং শশরা ইউপি | করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| | (৩) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ | ৫ নং শশরা ইউনিয়নের ১৯ টি গ্রামে ৫১ টি বিদ্যালয়ে ৫১ জন শিক্ষাকার মাধ্যমে মোট ১১৫৬ জন ছাত্র ছাত্রীকে শিক্ষা প্রদান করা হচ্ছে। | | |
| | (৪) স্যানিটেশন কার্যক্রম | দরিদ্র জনগোষ্ঠীর স্যানিটেশন পণ্য ক্রয় করার জন্য অর্থের যোগান দিয়ে উন্নত ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবহারে অভিগম্যতা বৃদ্ধি করার লক্ষ্যে সংস্থা স্যানিটেশন উন্নয়ন প্রকল্প (SDL) বাস্তবায়ন করছে। | | |
| | (৩) প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন | প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় চলতি মাসে ৭৯ জন অসহায় শারীরীকভাবে প্রতিবন্ধী প্রবীন ব্যক্তিকে ৫৫০ টাকা করে বয়স্ক ভাতা প্রদান করা হয়। এ পর্যন্ত ৪৩৫০০০ টাকা বয়স্ক ভাতা প্রদান করা হয়। | | |
| ❖ অন্যান্য/বিবিধ | | যেসকল সংস্থা মাসিক প্রতিবেদন জমা দেন নাই তাদের কে আগামী মাস হতে বিনা ব্যর্থতায় প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো- কাঞ্চন, আশা, উত্তরণ, এসইউপিকে, অরবিন্দু শিশু হাসপাতাল, পল্লী বন্ধু, ইএসডিও, নারীর জন্য নারী, অন্বেষন ইত্যাদি। | | |
| ❖ যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই | | অরবিন্দু শিশু হসপিটাল, কাঞ্চন, এসইউপিকে, পল্লী বন্ধু, প্রত্যাশা, ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | |

## আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। সকল এনজিও/সংস্থা কর্তৃক প্রদেয় স্যানিটেশনসহ সকল সুবিধা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে এলাকা নির্বাচনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

৩। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। অত্র উপজেলার ভিক্ষুক পুর্নবাসনের জন্য ভিক্ষুকের তালিকা মাসিক প্রতিবেদনে এনজিও প্রতিনিধিগন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়।

৫। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আরিফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার (ভার:)
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নং: ০৫৩১-৬৫১২২
E-mail: unodinajpur@mopa.gov.bd

# পরিশিষ্ট - 'ক'

উপস্থিত সদস্যদের নাম ও পদবী (স্বাক্ষরের ক্রমানুসারে)

১. জনাব মো: আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ”
২. জনাব মোঃ আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক ডেরগানী-২, রামনগর, দিনাজপুর ”
৩. জনাব মো: তোফায়েল হোসে, ট্রেনিং ইনাচার্জ, এমবিএসকে, দিনাজপুর সদর, দিনাজপুর ”
৪. জনাব মোঃ নুরুজ্জামান হক, শাখা ব্যবস্থাপক, নিরা, মির্জাপুর, সদর, দিনাজপুর। ”
৫. জনাব অজয় হালদার, হিসাব রক্ষক, আমইর সি.ডি.এস.পি, বিডি-০২৪৫ নশিপুর, সদর, দিনাজপুর ”
৬. জনাব সেবাষ্টিয়ান হেম্রম, লিগ্যাল প্রমোটর, এনডিএফ, ডাঙ্গাপাড়া, সদর, দিনাজপুর ”
৭. জনাব পুলিন চন্দ্র রায়, প্রোগ্রাম সমন্বয়কারী, নিরাপদ বাংলাদেশ সংস্থা, সুন্দরবন, সদর, দিনাজপুর ”
৮. জনাব এন্টিনা দাস, পি.ও, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, ঈদগাঁ আবাসিক এলাকা, দিনাজপুর ”
৯. জনাব শৈলেন চন্দ্র রায়, ডিজএবিলিটি ইনক্লুশন ফ্যাসিলিটেটর, সিডিডি, দিনাজপুর ”
১০. জনাব আরলেট মারজ, হাউজ অপ হোপ, এ্যাডরা বাংলাদেশ, সদর, দিনাজপুর ”
১১. জনাব হান্না রায়, এডিআরএ, হাউজ মাদার, এ্যাডরা বাংলাদেশ, সদর, দিনাজপুর ”
১২. জনাব জনাব পাউলো সরকার, অফিসার, হাউজ অপ হোপ, এ্যাডরা বাংলাদেশ, সদর, দিনাজপুর ”
১৩. জনাব আনন্দ মিসরি, ম্যানেজার, আরডিআরএস, দিনাজপুর সদর, দিনাজপুর ”
১৪. জনাব মো: মোকসেদুর রহমান, সুপার ভাইসার, সোসাইটি ফর উদ্যোগ, ঘাসিপাড়া, সদর, দিনাজপুর ”
১৫. জনাব মোঃ ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যাণ পরিষদ-এমকেপি, বালুবাড়ী, দিনাজপুর ”
১৬. জনাব গোলাম ইস্কান্দার (বাবু), প্রোগ্রাম অফিসার, বিএসডিএ, দিনাজপুর সদর, দিনাজপুর ”
১৭. জনাব বিষ্ণু, ক্রেডিট সুপারভাইজার, ওয়াইডাব্লিউসিএ, দিনাজপুর ”
১৮. জনাব মো: আলাউদ্দিন, মাঠ কর্মকর্তা, কারিতাস বাংলাদেশ, দিনাজপুর সদর, দিনাজপুর ”
১৯. জনাব মো: জাহাঙ্গীর হোসেন, ব্রাঞ্চ ম্যানেজার, আশা, দিনাজপুর সদর, দিনাজপুর ”
২০. জনাব মুর্শিদা ইসলাম, সার্ভিস প্রোমোটর, মেরী স্টোপস ক্লিনিক, বালুবাড়ী, দিনাজপুর ”
২১. জনাব ইষ্টের আল্পনা দাস, প্রকল্প ব্যবস্থাপক, মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, উ:গোসাইপুর ”
২২. জনাব শাহানাজ পারভীন, ফিল্ড সুপারভাইজার, পিএসটিসি, নিমনগর, বালুবাড়ী, দিনাজপুর। ”
২৩. জনাব মো: মামুনুর রহমান, এফ.এস, পিএসটিসি সংযোগ, দিনাজপুর সদর, দিনাজপুর ”
২৪. জনাব নাজমা বেগম, আঞ্চলিক সমন্বয়কারী, কমিউনিটি ডেভেলপমেন্ট এসোসিয়েশন, সদর, দিনাজপুর ”
২৫. জনাব মো: জাহাঙ্গীর আলম, ডেমক্রেসিওয়াচ, দিনাজপুর সদর, দিনাজপুর ”
২৬. জনাব মো: মহসিন আলী, জেলা ব্র্যাক প্রতিনিধি, দিনাজপুর ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনজাপুর সদর, দিনাজপুর।

স্মারক নং- ৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৯. ১৬৭

তারিখ ঃ২২অক্টোবর, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

৪। উপজেলা.........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব.....................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর